

নোবিপ্রবি/জনওপ্রকা/প্রেসরিজি/২০২৩/১৬৬৩

৩১ আগস্ট ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

**শোকাবহ আগস্টের শেষ দিনে জাতির পিতার মুর্যালে
নোবিপ্রবি উপাচার্যের শ্রদ্ধা নিবেদন**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবসের মাসব্যাপী কর্মসূচির সমাপনী দিনে আজ বৃহস্পতিবার (৩১ আগস্ট ২০২৩) নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) জাতির পিতার মুর্যালে শ্রদ্ধা নিবেদন করেছেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো: দিদার-উল-আলম। এসময় উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর।

শ্রদ্ধা নিবেদন শেষে উপাচার্য অধ্যাপক ড. মো: দিদার-উল-আলম বলেন, ‘আজ ৩১ আগস্ট শোকাবহ আগস্টের শেষ দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবসহ ১৫ আগস্টে নিহত সকল শহীদদের। আমরা নোবিপ্রবি পরিবার বঙ্গবন্ধুর স্মরণে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচী পালন করেছি। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ফ্যাকাল্টি, ইনস্টিটিউট, বিভাগ এবং হলসমূহ এসব কর্মসূচী পালন করেছে। কর্মসূচীগুলোর মধ্যে উল্লেখযোগ্য ছিলো বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক দেয়ালিকা উন্মোচন, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র ও পোস্টার প্রদর্শনী, রচনা ও কুইজ প্রতিযোগিতা, বৃক্ষরোপণ অভিযান, তথ্যবহুল আলোচনা সভা, মাসব্যাপী কালো বেজ ধারণ, দোয়া মাহফিল, টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ ইত্যাদি। এসব কর্মসূচিতে আমরা দেশবরেণ্য ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানিয়েছি। তাদের জ্ঞানগর্ভ বক্তব্য আমাদেরকে সমৃদ্ধ করেছে। শোকাবহ আগস্টের মাসব্যাপী কর্মসূচির উদ্দেশ্য ছিল তরণ প্রজন্মের মাঝে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দেওয়া। সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

কর্মসূচিতে নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর বলেন, ‘জাতীয় শোক দিবস-২০২৩ উপলক্ষে নোবিপ্রবিতে আয়োজিত মাসব্যাপী কর্মসূচির সমাপনী দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করছি। একই সঙ্গে পঁচাত্তরের ১৫ আগস্ট শাহাদাতবরণকারী জাতির পিতা ও তার পরিবারের সকল শহীদ সদস্যদের রুহের মাগফিরাত কামনা করছি। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

এসময় আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এস. এম. মাহবুবুর রহমান, আইআইএস পরিচালক অধ্যাপক ড. আনিসুজ্জামান রিমন, হযরত বিবি খাদিজা হলের প্রভোস্ট ড. মোঃ রফিকুল ইসলাম, নোবিপ্রবি অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সাখাওয়াত হোসেন, সাধারণ সম্পাদক মেজবাহ উদ্দিনসহ শিক্ষক সমিতি ও অফিসার্স এসোসিয়েশনের নেতৃবৃন্দ এবং শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

R. Kader

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়